



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessorcboard.gov.bd

স্মারকনং-ক/অ/

তারিখঃ

বিষয় : ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২৬-০২-২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/৮৫ নম্বর স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানান যাচ্ছে যে, আগামী কলেজ মঞ্জুরী কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে ও শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি প্রতিষ্ঠানের নিজেস্ব তহবিল হতে পরিশোধের শর্তে নিম্নলিখিত বিভাগ/বিষয় সমূহে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণীতে ০১ (এক) বছরের জন্যে সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রদান করা হ'ল।

একাদশ শ্রেণির পাঠ্য বিষয় সমূহ (পাঠ্যক্রম অনুযায়ী)

আবশ্যিক বিষয় সমূহ	নৈর্বচনিক বিষয় সমূহ	ঐচ্ছিক বিষয় সমূহ
বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	ক গুচ্ছ হতে ০৩ টি	যে কোন একটি

মানবিক বিভাগ	বিজ্ঞান বিভাগ	ব্যবসায় শিক্ষা বিভাগ
১। ইতিহাস	১। পদার্থ বিজ্ঞান	১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
২। পৌরনীতি ও সূশাসন	২। রসায়ন বিজ্ঞান	২। হিসাব বিজ্ঞান
৩। সমাজ বিজ্ঞান	৩। উচ্চতর গণিত	৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
৪। কৃষি শিক্ষা	৪। জীব বিজ্ঞান	৪। ফিন্যান্স ব্যাংকিং ও বিমা

আরোপিত শর্তাবলী :

- ১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজেস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতিকে প্রথম পর্যায়ে ০১ (এক) বছরের জন্য অর্থাৎ আগামী ৩০-০৬-২০১৬ তারিখ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
- ৩। প্রতি বিভাগে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৪। লাইব্রেরীতে ২,০০০ (দুই হাজার) খানা পাঠ সহায়ক বই থাকতে হবে।
- ৫। জাতীয় দিবস গুলি উদযাপন এবং ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৬। ২০০৯ সালের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৭। সংরক্ষিত তহবিলে ১,০০,০০০/- (এক লক্ষ) ও সাধারণ তহবিলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জমা রাখতে হবে।
- ৮। দ্বাদশ শ্রেণি খোলার পূর্বে ৬,০০০/- (ছয় হাজার) টাকা ফিস জমা দিয়ে পূর্বনুমতি গ্রহণ করতে হবে।
- ৯। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ডের সিলেবাস অনুযায়ী পাঠদান করতে হবে।
- ১০। বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ১১। ০৬ (ছয়) মাসের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।
- ১২। কলেজ চত্বরে ফলজ, বনজ গুণি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- ১৩। পরীক্ষার পূর্বেই প্রতি বিভাগে ২,০০০/- (দুই হাজার) টাকা ফিস হিসাবে বোর্ড তহবিলে জমা দিয়ে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে। (কলেজ স্বীকৃতি না পাওয়া পর্যন্ত)।

প্রাপক : অধ্যক্ষ

ঝিনাইদহ ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ

ডাক : ঝিনাইদহ, জেলা : ঝিনাইদহ।

স্মারকনং-ক/অ/ ২১৩০(১০)/৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল।

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৯। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১১। সংরক্ষণ নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬৩৮

তারিখঃ ২/৪/১৫

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬৩৮